

Department of Immigration and Citizenship এর ফাউন্ড দ্বারা পরিচালিত Macarthur Diversity Service এর CALD Women's Project এর আওতায় গত ১৬ই এপ্রিল ২০০৯ Minto তে এক বাংলাবর্ষবরন আনন্দ দিবসের আয়োজন করা হয়। এতে Minto, Ingleburn, Macquarie Fields এর বাংলাদেশী মায়েরা তাদের বাচ্চাদের নিয়ে অংশগ্রহণ করেন। Working Together in Minto Office এর সুবিন্যস্ত ঘরোয়া পরিবেশের সাথে চমৎকার রৌদ্র বালমলে আবহা ওয়ায় দিনটি হয়ে উঠেছিল আনন্দমুখর। টাইস্টার স্কুল হলিডের ছুটির সাথে বাংলা নববর্ষ উদযাপন করতে আসা বাচ্চাদের দেখে মনে হচ্ছিল সত্যিই ‘আজ আমাদের ছুটি’।

কোন আনুষ্ঠানিকতা ছাড়াই দিনটি হয়ে উঠেছিল উপভোগ্য। সেদিনের প্রধান আকর্ষন ছিল বাচ্চাদের ফেস পেইন্টিং, প্যারেড, মিউজিক্যাল পিলো খেলা এবং বড়দের র্যাফেল ড্র। নিশিতা, সামিহা, সামাজিক আর ফাইজা চমৎকার ভাবে বাংলাদেশের পতাকা, রয়েল বেংগল টাইগার, আর আল্পনায় সাজিয়েছিল কচি সব আনন্দিত মুখগুলো। এরপর ফিরোজ ভাইয়ের করা অনবদ্য ‘শুভ নববর্ষ’ ১৪১৬’ নিয়ে প্যারেড এবং ফটো সেশনে অংশ নেয় মানসিব, রওনক, ইকরা, ডোডি, ইরাম, জামী, জয়, সাদিয়া সহ আরো অনেকে। মিউজিক্যাল পিলো খেলায় সব ছেলেমেয়েরা অত্যন্ত উদ্দীপনার সাথে অংশগ্রহণ করে; এতে জয়লাভ করে অনীক, সামিহা এবং আয়েশা। এছাড়াও মায়েদের জন্য ছিল বিশেষ আকর্ষন র্যাফেল ড্র। লামিয়া, অরঞ্জ এবং রিয়ানার সহযোগিতায় র্যাফেল ড্র পরিচালনা করেন লুনা এবং বিউটি। এতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পুরস্কার পান যথাক্রমে জিনাত, লুনা এবং আজিজা। নববর্ষের এই আনন্দ আরো ঘনীভূত হয়েছিল সবার নিয়ে আসা রকমারি ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবারের আয়োজনে।

সীমিত পরিসরের এই আনন্দমুখর দিনটি সবার অনেকদিন মনে থাকবে। বিশেষ করে Playstation, Computer game, আর

TV এর সীমাবদ্ধ বিনোদনে বন্দী থাকা সব ছেলেমেয়েরা খেলাধূলা, গল্প গান আর সাহচর্যের স্বাভাবিক আনন্দ ও বিনোদনের সুযোগ পেয়ে ছিল খুবই উচ্ছ্বসিত। তারা সবাই সমস্তের বলেছে ‘শুভ নববর্ষ’ ১৪১৬’ এবং আমরা আবার আসতে চাই। এই আনন্দ আর উদ্দীপনা আমাদের সবার জীবনে স্থায়ী হোক- সবার জন্য রইল নববর্ষের শুভকামনা।



